দৈনিক জনকণ্ঠ

তারিখ AUG. 6 1999
পৃষ্ঠা 2 কলাম 2

14

# মেডিক্যাল কলেজ উত্তপ্ত ছাত্রদলের ১২ কক্ষ ভাংচুর

স্টাফ রিপোর্টার, বরিশাল ॥ শেরেবাংলা মেডিক্যাল কলেজ আবার উত্তপ্ত হয়ে উঠেছে। বুধবার গভীর রাতে ছাত্রলীগ কর্মীরা ছাত্রদল সমর্থকদের মইনুল হায়দার ছাত্রবাসের ১২টি কক্ষ ভাংচুর করেছে। হামলার কারণ জানা যায়নি। বৃহস্পতিবার রাত ৯টা পর্যন্ত ছাত্রলীগের সভা চলছিল। কলেজ সংশ্লিষ্ট সূত্র জানায়, একটি পোস্টার লাগানোকে কেন্দ্র করে ছাত্রলীগ ক্ষিপ্ত হয়। আওয়ামী লীগবিরোধী এ পোস্টার লাগানোর জন্য ছাত্রলীগ ছাত্রদলকে দায়ী করে। বুধবার রাত পৌনে ১২টায় ছাত্রলীগ ছাত্রদলের ধৃষ্টতার প্রতিবাদে বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে ছাত্রলীগ কর্মীরা ৩নং হোস্টেল নামে পরিচিত মইনুল হায়দার ছাত্রাবাসে হামলা চালায়। সেখানে ছাত্রদলের সমর্থকদের কক্ষ বলে পরিচিত ১২টি কক্ষ ভাংচুর করে। তবে কেউ আহত হয়েছে কিনা জানা যায়নি।